# 316097 - কোম্পানি তাদেরকে কর্মস্থলে ব্যবহারের জুতা কেনার জন্য অর্থ দেয়; সেই জুতা রেখে দিয়ে কিংবা সেই জুতা বিক্রি করে দিয়ে অন্য ব্যবহৃত জুতা ব্যবহার করা কি জায়েয হবে?

প্রশ্ন

আমি দুই বছর যাবৎ একটি প্রকৌশল কোম্পানিতে চাকুরী করছি। কাজের শুরুতে তারা কর্মস্থলে ব্যবহার করার জুতা কেনার জন্য আমাকে কিছু অর্থ দিয়েছিল। যে কেউ কোম্পানিতে নতুন আসলে তাকে এভাবে দেয়া হয়। আমি এ জুতা নতুন কিনেছি এবং কোম্পানিকে ভাউচার সাবমিট করেছি। কিন্তু জুতাটি ভবিষ্যতে ব্যবহার করার জন্য বাসায় রেখে দিয়েছি। যাতে করে তাড়াতাড়ি নষ্ট হয়ে না যায়। আমার ব্যক্তিগত একই মানের অন্য এক জোড়া জুতা কর্মস্থলে নিয়ে এসেছি। কিন্তু সে জুতাটি ব্যবহৃত। এটা কি জায়েয? এ নতুন জুতাটি বিক্রি করে দেয়া, এর মূল্য নিজে খরচ করা কিংবা জুতাটি ব্যক্তিগত কাজে ব্যবহার করা এ ধরণের হস্তক্ষেপ কি জায়েয; যেহেতু আমি কর্মস্থলের জন্য অন্য এক জোড়া জুতা নিয়ে এসেছি; তা পূর্বেই উল্লেখ করেছি? কাজের জুতা কিছুদিন পর পর নষ্ট হয়ে যায় বিধায় ভবিষ্যতে কোম্পানি যদি পুরাতন লোকদের জন্যও নতুন জুতা কেনার জন্য অর্থ দেয়; তাদের মধ্যে আমিও পড়ব— তখন সে অর্থ আমি খরচ করে ফেলা কি জায়েয হবে? নাকি আমি সে অর্থ নিতে পারব না। উল্লেখ্য, আমি নতুন কেনা জুতাটির বদলে কর্মস্থলে যে জুতাটি নিয়ে এসেছি হতে পারে সেটি ছিঁড়ে যাবে কিংবা ভাল থাকবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

যদি কোম্পানি তার কর্মকর্তাকে কর্মস্থলে ব্যবহারের কোনো জিনিস ক্রয় করার জন্য অর্থ দেয় তাহলে ঐ কর্মকর্তা সে জিনিসটি ক্রয় করে সেটা বাড়িয়ে রেখে দিয়ে এর পরিবর্তে অন্যটি ব্যবহার করতে পারবেন না। যেহেতু এটি নিরেট উপঢৌকন নয়; বরং শর্তযুক্ত উপঢৌকন। তাই শর্ত মোতাবেক ব্যবহার করা অনিবার্য।

শাইখ যাকারিয়া আল-আনসারি রচিত "আসনাল মাতালিব" গ্রন্থে (২/৪৭৯):

"যদি তাকে কিছু দিরহাম দিয়ে বলে যে, তোমার জন্য (এ অর্থ দিয়ে) একটি পাগড়ি খরিদ কর কিংবা এ অর্থ দিয়ে হাম্মামখানায় প্রবেশ কর (কিংবা অনুরূপ কিছু বলে) তাহলে সেটা করাই নির্দিষ্ট হয়ে যাবে (এ অর্থ প্রদানকারীর উদ্দেশ্য রক্ষার্থে)। যদি তিনি তার মাথা ঢাকার উদ্দেশ্য করেন (পাগড়ী দিয়ে) এবং পরিচ্ছন্নতার উদ্দেশ্য করেন (হাম্মানখানায়

প্রবেশের মাধ্যমে; তার মাথা উন্মুক্ত এবং শরীর নোংরা ও অবিন্যস্ত দেখার কারণে)। যদি এমন কিছু না হয় (অর্থাৎ তিনি যদি এমন কিছু উদ্দেশ্যে না করে স্বাভাবিক আন্তরিকতা দেখাতে গিয়ে বলেন) তাহলে সেটা করা নির্দিষ্ট হবে না। বরং সে ব্যক্তি উক্ত অর্থ নিজ মালিকানায় নিতে পারবে কিংবা ইচ্ছামত খরচ করতে পারবে।"[সমাপ্ত]

শাইখ সোলাইমান বিন উমর আল-জামাল (রহঃ) বলেন: "কেউ যদি কাউকে ইফতার করার জন্য একটি খেজুর দেয় তাহলে ইফতার করাই নির্দিষ্ট হবে মর্মে প্রাধান্যতা ফুটে উঠে। অতএব, প্রদানকারীর উদ্দেশ্যকে ধর্তব্য ধরে সেটা অন্য কোন কাজে ব্যবহার করা জায়েয হবে না।"[হাশিয়াতুল জামাল আলা শারহিল মানহাজ" (২/৩২৮) থেকে সমাপ্ত]

শাইখ উছাইমীন (রহঃ) বলেন: এক্ষেত্রে আমাদের নিকট নীতি হল: "যে ব্যক্তি মানুষের কাছ থেকে নির্দিষ্ট কোন কিছুর জন্য সম্পদ সংগ্রহ করেছে; সে সম্পদ তাদের অনুমতি ছাড়া অন্য কোন খাতে খরচ করবে না।"[আল-লিকা আশ্‌শাহরি (৪/৯) থেকে সমাপ্ত]

তাই আপনি যা করেছেন সেটা ভুল করেছেন। আপনার কর্তব্য হচ্ছে— নতুন জুতাটি কর্মক্ষেত্রে ব্যবহার করা। অন্য কোথাও ব্যবহার করতে হলে আপনাকে কোম্পানি থেকে অনুমতি নিতে হবে।

**দুই:**

যদি কোম্পানি আগে যারা জুতা পেয়েছে তাদের জন্যেও অন্য নতুন জুতা খরিদ করার অর্থ বণ্টন করে সেক্ষেত্রে যাদের ক্ষেত্রে শর্ত প্রযোজ্য হয় তাদের সে অর্থ নিতে কোন বাধা নেই। যেমন কোম্পানি যদি শর্ত করে যে, যাদের আগের জুতাটি নষ্ট হয়ে গেছে তারা নিতে পারবে কিংবা যাদের জুতা প্রয়োজন তারা নিতে পারবে। আর যদি কোন শর্ত না করে বরং তারা সময়কে ধর্তব্য ধরে যে, এ সময়ের মধ্যে আগের জুতাটি ভাল থাকার কথা নয়; সেক্ষেত্রে এ অর্থ গ্রহণ করা ও নতুন জুতা কিনতে কোন বাধা নেই। এমনকি আপনার আগের জুতাটি যদি ভাল থাকে তদুপরিও। তবে, আপনার পূর্বের ভুলটি সংশোধন করার পর এবং আগের জুতাটি কর্মক্ষেত্রে ব্যবহার করার পর।

আপনার উপর আল্লাহ্‌র কাছে তাওবা করা ও আগের জুতাটি কর্মস্থলে ব্যবহার করা ছাড়া আর কিছু আবশ্যক নয়। যদি আগের জুতাটি নতুনও থাকে তদুপরি নতুন জুতা খরিদ করার জন্য বণ্টনকৃত অর্থ গ্রহণ করতে কোন বাধা নেই; যেহেতু আগের জুতা নষ্ট হওয়াকে শর্ত করা হয়নি।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।